



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়



লালমাটিয়া সরকারি মহিলা কলেজ, ঢাকা

লালমাটিয়া, থানা-মোহাম্মদপুর, ঢাকা-১২০৭, ফোন: ৪৮১২০৭৯২, ৪৮১১৮৫৪৩, ০১৫৫৯০৮২১৫০, EIIN-১০৮২৫১, কলেজ কোড-৬৪৪৭

Website: www.lalmatiagirlscollege.edu.bd, E-mail: lalmatiagirlscollege@yahoo.com

স্মারক নং- ১৪/০৭-৩০৩০৮

তারিখ: ০৫.১১.২০২৪

২০২৩ সালের ডিগ্রি পাস ও সার্টিফিকেট কোর্স ১ম বর্ষ পরীক্ষার ফরম পূরণের বিজ্ঞপ্তি

লালমাটিয়া সরকারি মহিলা কলেজের ডিগ্রি পাস ১ম বর্ষ ২০২২-২০২৩ শিক্ষাবর্ষের নিয়মিত ও ২০২৩ সালের রেজিস্ট্রেশনকৃত প্রাইভেট পরীক্ষার্থীরা নিয়মিত পরীক্ষার্থী হিসেবে ২০২৩ সালের ডিগ্রি পাস ও সার্টিফিকেট পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে। এছাড়া ২০১৯-২০২০, ২০২০-২০২১ ও ২০২১-২০২২ শিক্ষাবর্ষের শিক্ষার্থী এবং ২০২০, ২০২১ ও ২০২২ সালের রেজিস্ট্রেশনকৃত প্রাইভেট শিক্ষার্থী যারা ২০২০, ২০২১ ও ২০২২ সালের ১ম বর্ষের পরীক্ষায় অংশগ্রহণ করেনি অথবা অংশগ্রহণ করে অকৃতকার্য হয়েছে তারাও এ পরীক্ষায় অনিয়মিত পরীক্ষার্থী হিসেবে অংশগ্রহণ করতে পারবে। ২০১৭-২০১৮, ২০১৮-২০১৯, ২০১৯-২০২০, ২০২০-২০২১ ও ২০২১-২০২২ শিক্ষাবর্ষের শিক্ষার্থী এবং ২০১৮, ২০১৯, ২০২০, ২০২১ ও ২০২২ সালের ১ম বর্ষের পরীক্ষায় অংশগ্রহণ করে এক বা একাধিক কোর্সে F গ্রেড পেয়ে ২য় বর্ষে উত্তীর্ণ হয়েছে সে সকল পরীক্ষার্থী F গ্রেড প্রাপ্ত কোর্সে এ পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে। যে সকল শিক্ষার্থী ২০১৮, ২০১৯, ২০২০, ২০২১ ও ২০২২ সালের পরীক্ষায় অংশ গ্রহণ করে ২য় বর্ষে C-Promoted হয়েছে তাদেরকে অনুপস্থিত কোর্সে এ পরীক্ষায় অংশগ্রহণ করা বাধ্যতামূলক। যে সকল শিক্ষার্থী ২০১৮, ২০১৯, ২০২০, ২০২১ ও ২০২২ সালের ১ম বর্ষের পরীক্ষায় প্রথম বারের মত অংশগ্রহণ করে যে সমস্ত কোর্সে C ও D গ্রেড পেয়েছে তারা C ও D গ্রেড পাওয়া সর্বোচ্চ দুইটি কোর্সে মানোন্নয়ন পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে। তবে পূর্বে F গ্রেড প্রাপ্ত পত্র C ও D গ্রেডে উন্নীত হলে ঐ পত্রে মানোন্নয়ন পরীক্ষার কোন সুযোগ নেই। উপরোক্ত শিক্ষার্থীদেরকে ১ম বর্ষে “স্বাধীন বাংলাদেশের অভ্যুদয়ের ইতিহাস” আবশ্যিকসহ নৈর্বাচনিক বিষয়গুলোর ১ম ও ২য় পত্রের পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে।


এক বা একাধিক কোর্সে অকৃতকার্য ২০১৬-২০১৭ শিক্ষাবর্ষের এবং ২০১৭ সালের রেজিস্ট্রেশনকৃত (প্রাইভেট) শিক্ষার্থীর রেজিস্ট্রেশনের মেয়াদ শেষ হওয়ায় সর্বসাকুল্যে ৫০০০/- (পাঁচ হাজার) টাকা ফি প্রদান সাপেক্ষে যে সকল শিক্ষার্থী ২য় ও ৩য় বর্ষের সকল বিষয়ে কৃতকার্য হয়েছে তারা বিশেষ বিবেচনায় শুধুমাত্র ২০২৩ সালের ১ম বর্ষ পরীক্ষায় বিশেষ পরীক্ষার্থী হিসেবে অংশগ্রহণ করতে পারবে। ২০১৬-২০১৭ শিক্ষাবর্ষের এবং ২০১৭ সালের রেজিস্ট্রেশনকৃত (প্রাইভেট) যেসকল শিক্ষার্থী ২য় ও ৩য় বর্ষে অকৃতকার্য হয়েছে তারা ২০২৩ সালের ১ম বর্ষ পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে না। শর্ত থাকে যে, ২০২৩ সালের ১ম বর্ষ পরীক্ষা ফরম পূরণ না করলে, ফরম পূরণ করে পরীক্ষায় অংশগ্রহণ না করলে বা পরীক্ষায় অংশগ্রহণ করে পুনরায় অকৃতকার্য হলে ভবিষ্যতে পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ চেয়ে আর কোন আবেদন করতে পারবে না।


জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে ২০২৩ সালের ডিগ্রি পাস ও সার্টিফিকেট কোর্স ১ম বর্ষ পরীক্ষার ফরম পূরণের টাকা পরিশোধ এবং ফরম পূরণের বিবরণ নিম্নে উল্লেখ করা হলো। পরীক্ষার ফরম পূরণের ওয়েব সাইট www.nubd.info/formfillup.

- (ক) বেতন ও ফরম পূরণের টাকা পরিশোধের তারিখ : ০৫/১১/২০২৪ খ্রি: থেকে ২৮/১১/২০২৪ খ্রি: তারিখ পর্যন্ত
(খ) ফরম পূরণের শেষ তারিখ : ০৫/১১/২০২৪ খ্রি: থেকে ২৮/১১/২০২৪ খ্রি: তারিখ পর্যন্ত
(গ) পূরণকৃত ফরমের সাথে যে সকল কাগজ জমা দিতে হবে :
(i) ডিগ্রি পাস কোর্সের রেজিস্ট্রেশন কার্ড-এর ফটোকপি।
(ii) ২ কপি সদ্য তোলা পাসপোর্ট সাইজের ছবি।
(ঘ) পরীক্ষার ফি :

ক্রমিক নম্বর	বিবরণ	টাকার পরিমাণ	মন্তব্য
১	তত্ত্বীয় (প্রতি পরীক্ষার্থী) (নিয়মিত ও প্রাইভেট পরীক্ষার্থী)	৮০০/-	
২	সার্টিফিকেট কোর্স	৩০০/-	
৩	মানোন্নয়ন ফি/অনিয়মিত (প্রযোজ্য ক্ষেত্রে)	৩০০/-	
৪	কেন্দ্র ফি (প্রতি পরীক্ষার্থী)	৪৫০/-	
৫	ব্যবস্থাপনা ফি	৫০/-	

☐ নির্ধারিত সময়ের পর বিলম্ব ফি দিয়ে ফরম পূরণের সুযোগ নেই।


5.11.2024
(অধ্যাপক নাজনীন আক্তার চৌধুরী)
অধ্যক্ষ
লালমাটিয়া সরকারি মহিলা কলেজ
লালমাটিয়া, ঢাকা-১২০৭।


৫/১১/২৪